উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামু, কক্সবাজার
ramu.coxsbazar.gov.bd

স্মারক নং- ০৫.২০.২২১৬.২২৬৬.৪১.০১.২১- ২৫৭

তারিখ: ০৭ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

# হাট বাজার ইজারার বিজ্ঞপ্তি/১৪২৮ বাংলা

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রামু উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪২৮ বাংলা (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র) সনের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী দরদাতাদের নিকট হতে সিডিউলে বর্ণিত শর্ত মোতাবেক নির্ধারিত দরপত্র ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল প্রতি দফার দরপত্র জমা দেয়ার পূর্বদিন পর্যন্ত প্রত্যেহ অফিস চলাকালীন (বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), কক্সবাজার, সহকারী কমিশনার (ভূমি), রামু এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে নির্ধারিত (অফেরৎযোগ্য) মূল্যে ক্রয় করা যাবে। ১ম দফায় সমুদয় হাট-বাজার ইজারা সম্পন্ন না হলে, পরবর্তীতে ২য় ও ৩য় দফায় ইজারা কার্যক্রম সম্পন্ন করা হবে।

| ক্র: নং | বিবরণ | সিডিউল ক্রয়ের শেষ তারিখ ও সময় | সিডিউল জমা দেয়ার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ | ১ম দফা | ২২/০৩/২০২১ খ্রি : বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৩/০৩/২০২১ খ্রি : দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ২ | ২য় দফা | ২৯/০৩/২০২১ খ্রি : বিকাল ৫.০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২১ খ্রি : দুপুর ১.০০ টা পর্যন্ত |
| ৩ | ৩য় দফা | ০৪/০৪/২০২১ খ্রি : বিকাল ৫.০০ টা পর্যন্ত | ০৮/০৪/২০২১ খ্রি : দুপুর ১.০০ টা পর্যন্ত |

ক্যালেন্ডারভূক্ত হাট-বাজারের নাম :

| ক্র: নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্রের সিডিউলের মূল্য | ক্র: নং | হাট-বাজারের নাম | সরকারি মূল্য | দরপত্রের সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঈদগড় বাজার | ১২,৪৯,০৭২/- | ৩২০০/- | ৯ | হিমছড়ি বাজার | ২,৮৯,২৭৫/- | ১২০০/- |
| ২ | গর্জনিয়া বাজার | ৭১,৮৯,১১০/- | ১৫,০০০/- | ১০ | নতুন বাজার | ১২৪৯/- | ৫০০/- |
| ৩ | রামু ফকিরা বাজার | ৪১,৬৭,৮০৩/- | ৯০০০/- | ১১ | পানের ছড়া স্টেশন বাজার | ৮৫,৪৩৯/- | ৫০০/- |
| ৪ | চাকমারকুল বাজার | ২৯,০৮,৪২৮/- | ৬৬০০/- | ১২ | পশ্চিম উমখালী বাজার | ৪৭৫৮/- | ৫০০/- |
| ৫ | কাউয়ারখোপ বাজার | ৩,০৮,৮৫০/- | ১৪০০/- | ১৩ | পঞ্জেখানা বাজার | ১,৬৯,৫৭৭/- | ১০০০/- |
| ৬ | জোয়ারিয়ানালা বাজার | ৫,৪৩,২৪০/- | ১৮০০/- | ১৪ | খেচুয়া পালং বাজার | ৪৭৮,০৬০/- | ১৬০০/- |
| ৭ | মামুন মিয়ার বাজার | ২,৯১,১৪৭/- | ১২০০/- | ১৫ | কাঠিরমাথা নতুন বাজার (পশুর হাট ব্যতিত) | ৫,১৬,৪১৫/- | ১৮০০/- |
| ৮ | উত্তর মিঠাছড়ি বাজার | ১,৮৪,৬৮৯/- | ১০০০/- | | | | |

**দরপত্রসমূহ নির্ধারিত দিনে**-ক) জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, কক্সবাজার খ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সংরক্ষিত টেন্ডার বাক্সে **দাখিল করা যাবে** এবং ঐদিন বিকাল ৩.৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি প্রত্যেহ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

শর্তাবলী :

১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রামু এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

২। যাহার দরপত্র গৃহিত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মুল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। সরকারি কাংখিত মূল্য না পাওয়া পর্যন্ত দরপত্র আহবান অব্যাহত থাকবে।

৪। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা, মোবাইল নং ও সিডিউল ফরমে উদ্ধৃত টাকার পরিমাণ (অংক ও কথায়) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটিযুক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্র দাখিল করার সময় জাতীয় পরিচয় পত্রের (NID) ফটোকপি সংযুক্ত করতে হবে।

৬। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৭। ইজারা প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সর্বশেষ নীতিমালা এবং ভবিষ্যতে এতে কোন সংশোধনী আনা হলে তাও প্রযোজ্য হবে।

৮। কোন বাজারে ঈদ/ধর্মীয় উৎসব উপলক্ষে প্রাণী/পশুর অস্থায়ী হাট-বাজার বসাতে চাইলে জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের নিকট হতে পূর্ব অনুমতি গ্রহণ ও এতদসংক্রান্ত সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণ করতে হবে।

৯। অন্যান্য শর্তাবলী দরপত্রের সিডিউল ফরম হতে জানা যাবে।

০৭-০৩-২০২১
প্রণয় চাকমা
উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার
ফোন: ০১৭৩৩৩৭৩২০৩
unoramu@mopa.gov.bd

Scanned with CamScanner

স্মারক নং- ০৫.২০.২২১৬.২২৬৬.৪১.০১.২১- ২০৯ তারিখ: ২১মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৬ কক্সবাজার-০৩
০২। জেলা প্রশাসক, কক্সবাজার। দৃষ্টি আকর্ষণ: উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
০৪। সহকারী কমিশনার (ভূমি), রামু, কক্সবাজার (তাঁর আওতাধীন ইউনিয়ন ভূমি অফিসের মাধ্যমে হাট-বাজারসমূহে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৫। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, রামু, কক্সবাজার
০৬। উপজেলা ........................... কর্মকর্তা, রামু/অফিসার ইনচার্জ, রামু থানা- নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য।
০৭। চেয়ারম্যান (সকল) ................................ ইউনিয়ন পরিষদ, রামু, কক্সবাজার (তাঁর এলাকাধীন হাট বাজার-সমূহে ঢোলসহরতযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সদর/গর্জনিয়া/ধেছুয়া পালং ইউনিয়ন ভূমি অফিস, রামু (তার আওতাধীন হাট বাজারে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো)।
০৯। সম্পাদক, ........................................................................................................................................। তাঁকে বিজ্ঞপ্তিটি পত্রিকার ভেতরের পৃষ্ঠায় সম্ভব স্বল্পতম পরিসরে (১০"X৬") কলামে ০১ (এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হল।
১০। জনাব ........................................................ইজারাদার, ............................................হাট-বাজার, ১৪২৮ বাংলা সন।
১১। সকল নোটিশ বোর্ড।

০৯-০৩-২০২১
উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার

Scanned with CamScanner

# ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১. বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হইবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ৩০ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলীব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রামু এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫%অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জামানতকারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

০৩. যাহার দরপত্র গৃহিত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট বাজারের সরকারি মুল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে। সরকারি কাংখিত মূল্য না পাওয়া পর্যন্ত দরপত্র আহবান অব্যাহত থাকিবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবেনা। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবেনা।

০৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে। দরপত্র সিডিউল ফরমে টাকার পরিমাণ (অংক ও কথায়) ও মোবাইল নং উল্লেখ করিতে হইবে।

০৭. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটিযুক্ত দরপত্র গ্রহণযোগ্য হবে না। দরপত্র দাখিল করার সময় জাতীয় পরিচয় পত্রের (NID) ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

০৮. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবেনা। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৯. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১০. ইজারাদার কোনক্রমেই হাট বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিতহয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

১১. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১২. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৩. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখিবেন।

১৪. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করিবেন।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬. হাট বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।

১৭. কোন বাজারে ঈদ/ধর্মীয় উৎসব উপলক্ষে প্রাণী/পশুর অস্থায়ী হাট-বাজার বসাতে চাইলে জেলা প্রশাসক, কক্সবাজার মহোদয়ের নিকট হইতে পূর্ব অনুমতি গ্রহণ ও এতদসংক্রান্ত বিধি বিধান অনুসরণ করিতে হইবে।

১৮. ইজারা প্রদানের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সর্বশেষ নীতিমালা এবং ভবিষ্যতে এতে কোন সংশোধনী আনা হলে তাও প্রযোজ্য হবে।

১৯. কর্তৃপক্ষ কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১-০৮-২০২০
উপজেলা নির্বাহী অফিসার
রামু, কক্সবাজার

Scanned with CamScanner